


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২২.১৫ (পার্ট-০১)/ ৮৮৫

তারিখ: ১৯.১২.১৪২৩বঙ্গাব্দ  
১২.০৪.২০১৭খ্রিষ্টাব্দ

বিষয় : ২৪তম অ্যাডভান্সড কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসিইএম) প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ  
সূত্র : মাউশি স্মারক নং-মাউশি/১টি/৪৬টিএম/২০১১/৪১৫ (৪) তারিখ: ১০.০৪.২০১৭ খ্রি.

- উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ আগামী ২৪-০৪-২০১৭ থেকে ০৭-০৬-২০১৭ খ্রি. (১১ বৈশাখ ১৪২৪ থেকে ২৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ) পর্যন্ত অনুষ্ঠেয় ৪৫ (পঁয়তাল্লিশ) দিনব্যাপী ২৪তম অ্যাডভান্সড কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসিইএম) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেয়া হয়েছে। এ কোর্সে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিম্নরূপ:
১. প্রশিক্ষণার্থীকে ২৪-০৪-২০১৭ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টায় প্রশাসনিক ভবনের নিচ তলায় ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে কোর্স কমিটির নিকট রিপোর্ট করতে হবে।
  ২. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নির্ধারিত সার্ভিস চার্জ প্রদানপূর্বক নায়েম হোস্টেলে অবস্থান করা বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য কম্বল, তোষক, বালিশ, মশারি ও চাদর সরবরাহ করা হবে। কোর্স শুরুর পূর্ববর্তী দিন ২৩-০৪-২০১৭ খ্রি. তারিখ বিকাল ৪.০০টায় নির্ধারিত হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণের জন্য রিপোর্ট করতে হবে।
  ৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
  ৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন পদস্থ কর্মকর্তা হিসেবে এবং কোর্সের উচ্চমান নিশ্চিতকল্পে প্রশিক্ষণ কক্ষ ও নায়েম ক্যাম্পাসের অন্যান্য কর্মসূচিতে অফিসিয়াল পোশাক পরিধান করতে হবে।
  ৫. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে স্পোর্টস ট্রাউজার ও কলার সম্বলিত গেঞ্জি, মোজা, কেডস এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সালওয়ান-কামিজ এবং কেডস পরিধান করতে হবে। এ ক্ষেত্রে পোশাকের রং সাদা হতে হবে। এ জন্য প্রশিক্ষণের শুরুতে ক্রীড়া প্রশিক্ষকের পরামর্শ অনুসরণীয়।
  ৬. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এক কপি জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও নিজ নিজ প্রতিষ্ঠানের ছাড়পত্র/অনুমতিপত্র (প্রতিষ্ঠানের EINN উল্লেখসহ) সাথে আনতে হবে।
  ৭. অংশগ্রহণকারীকে সরকারি নিয়ম অনুযায়ী নায়েম থেকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফরের ব্যয়) নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কমপক্ষে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে নায়েমে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল দাখিল করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় থেকে ভ্রমণ ও দৈনিক ভাতা বিল পাসের পর প্রশিক্ষণার্থীগণের স্ব-স্ব প্রতিষ্ঠানের ঠিকানায়ে চেক আকারে প্রেরণ করা হবে।
  ৮. মনোনীত কর্মকর্তাগণকে কোর্স শুরুর অগ্রে ০৫ (পাঁচ) দিন পূর্বে কোর্স সমন্বয়ক জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম-এর মুর্তোফোন নম্বর : ০১৬৭৩৯৯৭৬৫৩-এ এসএমএস যোগে অথবা ই-মেইল: tsswapansaha.naem@gmail.com মারফত এ প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
  ৯. জরুরি প্রয়োজনে কোর্স পরিচালক জনাব শিখা চক্রবর্তী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (মুর্তোফোন নম্বর: ০১৮১৯৪৬৮৪৫৮, ই-মেইল: tsshikhanaem@gmail.com)-এর সাথেও যোগাযোগ করা যেতে পারে।
  ১০. আমন্ত্রণপত্রটি নায়েমের ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।
  ১১. এ প্রশিক্ষণের শিক্ষাসফর বৈদেশিক হলে পাসপোর্ট প্রয়োজন হবে। এ ক্ষেত্রে পাসপোর্ট সাথে নিয়ে আসা বাঞ্ছনীয়।




(প্রফেসর মোঃ হামিদুল হক)  
মহাপরিচালক  
ফোন: ০২-৫৫১৬৭৫২৯  
e-mail: info@naem.gov.bd

প্রাপক : .....

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২২.১৫ (পার্ট-০১)/ ৮৮৫

তারিখ: ১৯.১২.১৪২৩বঙ্গাব্দ  
১২.০৪.২০১৭খ্রিষ্টাব্দ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. হোস্টেল সুপারিনটেনডেন্ট, শহীদ বুদ্ধিজীবী হোস্টেল, নায়েম, ঢাকা;
৮. কম্পিউটার সুপারভাইজার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ);
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১০. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১১. অফিস কপি।



(শিখা চক্রবর্তী)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম  
ও  
কোর্স পরিচালক, ২৪তম এসিইএম  
ফোন: ০১৮১৯৪৬৮৪৫৮  
ই-মেইল: tsshikhanaem@gmail.com